

স্মারক নং- ৩৪.০১.৫৭০০.০০০.৩৭.০১৫.১৯-৭০৮

তারিখঃ ০৫/১২/২০২২ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

বেকার যুবদের কারীগরী বিষয়ে দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর কর্তৃক নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নিমিত্ত জেলাধীন বেকার যুব ও যুবমহিলাদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে :


ক্র নং	প্রশিক্ষণকোর্সের নাম	কোর্সের মেয়াদ	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	কোর্সের ধরণ	আসন সংখ্যা	আবেদন জমার শেষ তারিখ	নির্বাচনী পরীক্ষার তারিখ ও সময়
০১	কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স	জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩	১০০০/-	এইচ, এস, সি বা সমমানের পাশ।	অনাবাসিক	৭০ জন	২৬/১২/২০২২	২৯/১২/২০২২
০২	পোষাক তৈরী	জানুয়ারি/২০২৩ হতে মার্চ/২০২৩	৫০/-	অষ্টম শ্রেণী পাশ (নূন্যতম) সমমানের পাশ।	অনাবাসিক	১০ জন	২৬/১২/২০২২	২৯/১২/২০২২
০৩	ইলেকট্রনিক্স এ্যান্ড মোবাইল সার্ভিসিং	জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩	৩০০/-	অষ্টম শ্রেণী পাশ (নূন্যতম)	অনাবাসিক	১০ জন	২৬/১২/২০২২	২৮/১২/২০২২
০৪	রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং	জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩	৩০০/-	অষ্টম শ্রেণী পাশ (নূন্যতম)	অনাবাসিক	১০ জন	২৬/১২/২০২২	২৮/১২/২০২২
০৫	ইলেকট্রিক্যাল এ্যান্ড হাউজওয়্যারিং	জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩	৩০০/-	অষ্টম শ্রেণী পাশ (নূন্যতম)	অনাবাসিক	১০ জন	২৬/১২/২০২২	২৮/১২/২০২২

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- প্রতিটি ট্রেডে ভর্তি ইচ্ছুক আবেদনকারীকে dyd.gov.bd/nise.gov.bd অনলাইনে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ভর্তি হতে ইচ্ছুক বেকার যুব ও যুব মহিলাপ্রার্থীর বয়স (৩১/১২/২০২২ তারিখে) অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর হতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমে (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্ম তারিখ (ঞ) সঠিক বয়স ((৩১/১২/২০২২ তারিখে) উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের ফটোকপি (খ) ভোটার আইডি কার্ডের/জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সংযুক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সঙ্গে আনতে হবে।
- মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য/অটিস্টিক/প্রতিবন্ধী/উপজাতীর ক্ষেত্রে প্রমাণক সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
- বাজেট বরাদ্দ প্রাপ্ত সাপেক্ষে প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা বাবদ প্রতিদিন ১০০/- (বেসিক কম্পিউটার এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন কোর্স ব্যতিত) হারে (উপস্থিতির ভিত্তিতে) প্রদান করা হবে।
- বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অথবা মোবাইল নং

০১৭১৮-৪১০৮৮৮, ০১৭৬১-৬৭৩৩৭৯
০১৭১৮-৭০১৬০৭, ০১৭১৬-৯০২২৯১
০১৭৭৬-৩৮০৫৪৮, ০১৭১২-১০৪৩৯৯


(কে.এম. জাহিদ হোসেন)
৫/১২/২২

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর।